

মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী দয়া করে
কুড়িগ্রাম সদর হাসপাতালের সমস্যার সমাধা করুন

কুড়িগ্রাম সদর হাসপাতাল এখন নানা বিধ সংকটের বেড়াজালে বন্দী হয়ে পড়েছে। মঙ্গাকবলীত, দারিদ্র পীড়িত এখানকার গরীব অসহায় মানুষ রোগে আক্রান্ত হয়ে চিকিৎসার জন্য হাসপাতালে গিয়ে সু-চিকিৎসা হতে বঞ্চিত হচ্ছে। প্রতিদিনই সদর হাসপাতালে দূর দূরান্ত এলাকার অসুস্থ, দুস্থ রোগীরা চিকিৎসার জন্য এসে চিকিৎসা না পেয়ে ফিরে যাচ্ছে। হাসপাতালে বর্তমানে পর্যাপ্ত পরিমান চিকিৎসক নেই। নার্স ও সুইপার সংকট। রোগীদের জন্য পর্যাপ্ত পরিমান বেড নেই। সরকারী ভাবে এখানকার সাধারণ রোগীদের জন্য চিকিৎসা সেবায় বিনামূল্যে যে পরিমান ওষুধ সরবরাহ করা হয় তা আগত রোগীর শতকরা ২৫% রোগীর চাহিদা মেটাতে পারে না। এদিকে যারা হাসপাতালে চিকিৎসক হিসাবে কর্মরত আছেন তারাও আবার রোগীদের চাপে দিশেহারা হয়ে পড়েছে। শিশু ও গাইনি বিভাগে আগত রোগীর সংখ্যা ব্যাপক কিন্তু চাহিদার তুলনায় চিকিৎসকের তীব্র সংকট। সদর হাসপাতালে এখন সার্জারি কনসালটেন্ট, চক্ষু কনসালটেন্ট, ডেন্টাল কনসালটেন্ট, ইমারজেন্সী মেডিক্যাল অফিসার, ফার্মাসিস্ট এর পদ দীর্ঘ দিন থেকে খালি রয়েছে। এদিকে হাসপাতালে সুইপারের প্রয়োজন ১২ জন কিন্তু আছে ৬ জন। নাইটগার্ড নেই। নার্সের প্রয়োজন ৩৩ জন কিন্তু আছে ১৮ জন। দারিদ্র পীড়িত এই জেলার দুস্থ মানুষের চিকিৎসা সেবার একমাত্র অবলম্বন সরকারী হাসপাতাল। বিগত কয়েক সরকারের আমলে পত্র-পত্রিকায় অনেক লেখা-লেখির পরেও এখানকার সাধারণ মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করেনি কর্তৃপক্ষ। দিন দিন কুড়িগ্রাম সদর হাসপাতালের সংকট গুলি যেন কমেনি বরং দিন দিন যেন বাড়ছে। এখানকার সাধারণ মানুষ জন কি স্বাস্থ্য সেবা পাবে না? দুস্থ রোগীরা কি চিকিৎসার অভাবে মরে যাবে? টাকার অভাবে নিমজ্জিত গরীব মানুষ যারা দু'বেলা অন্ন যোগাতে পারে না, তারা কি সরকারের বিনামূল্যে বিতরণকৃত ওষুধে চিকিৎসা সেবা নিশ্চিত করতে পারবে? কুড়িগ্রামের সচেতন সুশীল আর সাধারণ সকলেরই একই দাবী সদর হাসপাতালের সংকট দূর করা হোক। স্বাস্থ্য সেবা সকলের নাগালের মধ্যে আসুক। মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী দয়া করে কুড়িগ্রাম সদর হাসপাতালের সকল সমস্যার সমাধা করে এখানকার গরীব অসহায় মানুষ গুলির স্বাস্থ্য সেবায় এগিয়ে আসুন।

প্রেরক ঃ মোঃ রফিকুল ইসলাম (আমিন),
গ্রাম - ডাকবাংলো পাড়া, পোষ্ট- কুড়িগ্রাম,

থানা ও জেলা- কুড়িগ্রাম।
মোবাঃ ০১১৯১১৫৩৯৬৪।

শ্রদ্ধেয় সম্পাদক

অনুগ্রহ পূর্বক উপরের চিঠি খানা আপনার পত্রিকায় প্রকাশ করে কুড়িগ্রাম বাসির দাবী পূরনে সহায়তা করবেন।

ধন্যবাদান্তে

মোঃ রফিকুল ইসলাম (আমিন),
গ্রাম - ডাকবাংলো পাড়া, পোষ্ট- কুড়িগ্রাম,
থানা ও জেলা- কুড়িগ্রাম। মোবাঃ ০১১৯১১৫৩৯৬৪।